



## রাজশাহী বিশ্ববিদ্যালয়

প্রথম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)

স�ত্র: ১৯৫/সা.বি.অ/১৩৫ পার্ট ১৫

তারিখ: ০৬/০৬/২০২৩

### ভর্তি পরীক্ষার প্রাথমিক ফলাফল প্রকাশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)-এর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। ভর্তির জন্য বিভাগ ভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রাথমিক ফলাফলে ন্যূনতম ৪০ নম্বর প্রাপ্ত ভর্তি পরীক্ষার্থীদের মধ্যে যারা চারকলা অনুষদ (১. চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ, ২. মৃৎশিল্প ও ভাস্কর্য বিভাগ, ৩. গ্রাফিক ডিজাইন, কার্যশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগ), সঙ্গীত বিভাগ এবং নাট্যকলা বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য আগামী ০৮ জুন থেকে ১১ জুন, ২০২৩ তারিখের মধ্যে অনলাইনে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ফরম পূরণের ওয়েবলিংক: <https://admission.ru.ac.bd/>; Link Name: Practical Examination Form। উল্লেখ্য যে, এসব বিভাগের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ A ইউনিটভুক্ত অন্যান্য বিভাগে মেধা অনুসারে ভর্তির ক্ষেত্রে বাধা হবে না।

সঙ্গীত বিভাগ ও নাট্যকলা বিভাগে ব্যবহারিক পরীক্ষা ১৬, ১৭, ১৮, ও ১৯ জুন, ২০২৩ তারিখে অনুষ্ঠিত হবে। এ দুই বিভাগের ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি ১২ জুন, ২০২৩ তারিখে জানানো হবে। চারকলা অনুষদের ব্যবহারিক (ড্রয়িং) পরীক্ষা ১৯ জুন, ২০২৩ তারিখ সকাল ১১:০০ থেকে ১২:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ইংরেজি বিভাগে লিখিত পরীক্ষায় পাসকৃত পরীক্ষার্থীদের মধ্য হতে MCQ পরীক্ষায় ইংরেজি অংশে প্রাপ্ত সর্বোচ্চ নম্বরের ভিত্তিতে ৪টি গ্রন্থ থেকে মোট ১০৬৯ জনের তালিকা প্রকাশ করা হলো। তাদের লিখিত পরীক্ষা আগামী ১৯ জুন, ২০২৩ তারিখ সকাল ৯:০০ থেকে ১০:০০ পর্যন্ত অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সংক্রান্ত উপর্যুক্ত প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর ভর্তিচ্ছুদের বিষয় পছন্দক্রম নিয়ে বিভাগ ভিত্তিক চূড়ান্ত মেধা তালিকা পরবর্তীতে প্রকাশ করা হবে।

প্রকশিত ফলাফলে কোন ভুল-ক্রটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০৬/০৬/২০২৩

(প্রফেসর ড. মো. ইলিয়াছ হোসেন)

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট: A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনসিটিউট)

প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২২-২০২৩

ও

ডীন, সামাজিক বিজ্ঞান অনুষদ

রাজশাহী বিশ্ববিদ্যালয়।